

# 9th India-EU Human Rights Dialogue (April 12, 2021)

April 12, 2021

## 9ম ভারত-ইইউ মানবাধিকার ডায়ালগ (এপ্রিল 12, 2021)

এপ্রিল 12, 2021

1. 2020 সালের জুলাইয়ে 15তম ভারত-ইউরোপীয় ইউনিয়ন শীর্ষ সম্মেলনে নেওয়া সিদ্ধান্ত অনুসরণে 9ম ভারত-ইইউ মানবাধিকার ডায়ালগ 12 এপ্রিল 2021 নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়।
2. বিশ্বের দুটি বৃহত্তম গণতন্ত্র হিসাবে, ভারত এবং ইইউ মানবাধিকারের প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে। এই প্রসঙ্গে তাঁরা সর্বজনীনতা, অখণ্ডতা, পারস্পরিক নির্ভরশীলতা এবং মানবাধিকার সংক্রান্ত সকল আন্তঃসম্পর্কিত বিষয়ের উপর জোর দেন।
3. কথোপকথন চলাকালীন, অংশগ্রহণকারীরা সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ছাড়া মানবাধিকারকেও শক্তিশালী করার বিষয়ে মতবিনিময় করেন। তাঁরা নাগরিক ও রাজনৈতিক অধিকার, ধর্মবিশ্বাসের স্বাধীনতা, নারী ক্ষমতায়ন, শিশুদের অধিকার, সংখ্যালঘু ও দুর্বলতর গোষ্ঠীর অধিকার নিয়ে আলোচনা করেন। ইউরোপীয় ইউনিয়ন এবং ভারত উভয়ই আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকার আইন ও মানদণ্ডের ভিত্তিতে মানবাধিকার ক্ষেত্রে আরও বেশি কর্মব্যস্ততা গড়ে তোলার প্রয়োজনীয়তা প্রকাশ করে। উভয় পক্ষই মানবাধিকারের প্রচারের জন্য মানবাধিকার প্রক্রিয়াগুলিকে শক্তিশালী করার গুরুত্ব এবং জাতীয় মানবাধিকার সংস্থা, নাগরিক সমাজের সক্রিয় অংশগ্রহণকারী এবং সাংবাদিকদের ভূমিকাকে স্বীকৃতি দেন। ইউরোপীয় ইউনিয়ন সব ক্ষেত্রে দ্বিধাহীনভাবে মৃত্যুদণ্ডের বিরুদ্ধে পুনর্বীর তার বিরোধিতা প্রকাশ করে।
4. আন্তর্জাতিক পর্যায়ে, বিশেষত জাতিসংঘের সাধারণ পরিষদ এবং জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে (ইউএনএইচআরসি), ভারত-ইইউ সহযোগিতা বৃদ্ধি করার জন্য তাঁরা মতবিনিময় করেন। এক্ষেত্রে, ভারতীয় প্রতিনিধি দল জেনেভায় অবস্থিত জাতিসংঘের সাথে তাদের নিজ নিজ স্থায়ী মিশনের মাধ্যমে নিয়মিত মতবিনিময় করে এবং ইউএনএইচআরসির সাথে সহযোগিতার ইচ্ছা প্রকাশ করে।
5. ভারত ও ইইউ গণতন্ত্র, স্বাধীনতা, আইনানুগ শাসন এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধা রেখে মানবাধিকার রক্ষা বিষয়ে তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছিল। উভয় পক্ষই পরের বছর ডায়ালগের পরবর্তী পর্যায়ের অপেক্ষায় থাকবে।
6. মানবাধিকার ডায়ালগের সভাপতিত্ব করেন ভারতীয় বিদেশ মন্ত্রকের পশ্চিম ইউরোপের যৌথ সচিব, শ্রী সন্দীপ চক্রবর্তী এবং ভারতে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মিঃ ইউগো আস্তুটো।

নিউ দিল্লি

এপ্রিল 12, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.